



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
খাদ্য অধিদপ্তর
চলাচল পরিকল্পনা, সড়ক এবং রেল শাখা
খাদ্য ভবন, ১৬ আব্দুল গণি রোড, ঢাকা-১০০০
www.dgfood.gov.bd



স্মারক নম্বর: ১৩.০১.০০০০.০৮১.৫০.০৩৫.১৯.২১৬

তারিখ: ২৪ ফাল্গুন ১৪২৭

০৯ মার্চ ২০২১

বিষয়: চট্টগ্রাম বিভাগে বিভিন্ন খাতে বিলি-বিতরণের জন্য ডিআরটিসি/আইআরটিসি'র মাধ্যমে ১২০০ মে.টন বোরো'২০/আমদানিকৃত আতপ চালের চলাচলসূচির অনুমোদন প্রদান

সূত্র: আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, চট্টগ্রাম এর ০৮/০৩/২০২১ খ্রি. তারিখের ১৩.০১.০০০০.২১০.৪৪.০১২.২০.৫৮৫ নং স্মারক

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, MV. J. PEACE জাহাজ হতে খাগড়াছড়ি জেলার কতিপয় এলএসডিতে ১২০০ মে.টন আতপ চাল স্থানীয় পরিবহনজনিত সমস্যার (দুস্কৃতকারীকর্তৃক ট্রাক থেকে চাঁদা দাবীসহ ভি-ইনভয়েস নিয়ে যাওয়া) কারণে ঠিকাদারগণ পরিবহণ করতে পারেননি। উল্লিখিত এলএসডিসমূহে জরুরি আতপ চালের চাহিদা পূরণের জন্য অপরিবাহিত পরিমাণ চাল দেওয়ানহাট ও হালিশহর সিএসডি'র মজুত হতে প্রেরণ করা আবশ্যিক। খাগড়াছড়ি জেলার কতিপয় এলএসডিতে বিভিন্ন খাতে বিতরণের জন্য হালিশহর সিএসডি হতে ৬০০ মে.টন ও দেওয়ানহাট সিএসডি হতে ৬০০ মে.টন বোরো'২০/আমদানিকৃত আতপ চাল প্রেরণের অনুমোদন প্রদানের জন্য আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, চট্টগ্রাম কর্তৃক সূত্রস্থ স্মারকে অনুরোধ করা হয়েছে। তৎপ্রেক্ষিতে আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, চট্টগ্রাম এর প্রস্তাবমতে খাগড়াছড়ি জেলার কতিপয় এলএসডিতে বিভিন্ন খাতে বিতরণের জন্য হালিশহর সিএসডি হতে ৬০০ মে.টন ও দেওয়ানহাট সিএসডি হতে ৬০০ মে.টন সহ মোট ১২০০ মে.টন বোরো'২০/আমদানিকৃত আতপ চাল ডিআরটিসি/আইআরটিসি'র মাধ্যমে স্থানান্তরের পূর্বানুমোদনের প্রস্তাবের অনুমোদন নিম্নোক্ত নির্দেশনাবলি যথাযথভাবে পরিপালনের শর্তে নির্দেশক্রমে প্রদান করা হলো:

ক্র.নং	প্রেরক জেলা	প্রেরণ কেন্দ্র	প্রাপক জেলা	প্রাপক কেন্দ্র	পরিমাণ (মে.টন)	পণ্য	রুট	মন্তব্য
১.	চট্টগ্রাম	হালিশহর সিএসডি	খাগড়াছড়ি	পানছড়ি এলএসডি	২০০	বোরো'২০/ আমদানিকৃত আতপ চাল	সড়ক পথ	
২.	ঐ	ঐ	ঐ	দীঘিনালা এলএসডি	১৫০	ঐ	ঐ	
৩.	ঐ	ঐ	ঐ	বাবুছড়া এলএসডি	১৫০	ঐ	ঐ	
৪.	ঐ	ঐ	ঐ	ছোটমেরুং এলএসডি	১০০	ঐ	ঐ	
৫.	ঐ	দেওয়ানহাট সিএসডি	ঐ	মহালছড়ি এলএসডি	১০০	ঐ	ঐ	
৬.	ঐ	ঐ	ঐ	পানছড়ি এলএসডি	৩০০	ঐ	ঐ	

৭.	ঐ	ঐ	ঐ	দীঘিনালা এলএসডি	২০০	ঐ	ঐ	
				মোট =	১২০০			

নির্দেশনাবলি:

(১) খাদ্যশস্য ও খাদ্য দ্রব্যের চলাচল সূচি প্রণয়ন নীতিমালা, ২০০৮ অনুসরণপূর্বক উক্ত সূচি বাস্তবায়ন করতে হবে;

(২) পূর্বানুমোদনের আওতায় চালের খামাল গঠন হওয়ার পর তদারককারী কর্মকর্তা কর্তৃক এলএসডি'র মজুত যাচাই ও কারিগরি খাদ্য পরিদর্শক কর্তৃক খামাল সার্ভেপূর্বক বিনির্দেশ সম্পন্ন বিশ্লেষণ প্রতিবেদন জারির পর পর্যায়ক্রমে সূচি জারি করতে হবে;

(৩) 'খাদ্যশস্য প্রেরণ-প্রাপ্তিকালে করণীয় নির্দেশনা' সম্পর্কিত মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর মহোদয় স্বাক্ষরিত ১১/০৫/২০১৯ খ্রি. তারিখের ১৩.০১.০০০০.০৮১.৫০.০৩৬.১৭-২১১ নং প্রজ্ঞাপন এবং 'এলএসডি'র/সিএসডি'র সর্বোচ্চ ধারণ ক্ষমতা ব্যবহার সম্পর্কিত নির্দেশনা' বিষয়ক ১৮/০৪/২০২০ খ্রি. তারিখের ১৩.০১.০০০০.০৮১.১৯.০০১.১৯-৩৫৪ নং স্মারকের পত্র কঠোরভাবে অনুসরণ করতে হবে।

(৪) এছাড়া ০৯/০৫/২০১৯ খ্রি. তারিখের ১৩.০১.০০০০.০৯১.৪৭.০০২.০৯.৯৯৮ নং স্মারকে অভ্যন্তরীণ খাদ্যশস্য নীতিমালা, ২০১৭ এর ১৩(গ) অনুচ্ছেদ এবং খাদ্য অধিদপ্তরের উল্লিখিত স্মারকের নির্দেশনা অনুযায়ী সকল খাদ্য গুদামে চুক্তিবদ্ধ মিলার কর্তৃক সরবরাহতব্য চালের বস্তার অপর পীঠে ডিজিটাল স্টেন্সিলের স্পষ্ট ছাপ দেওয়ার যথাযথ প্রক্রিয়া অনুসরণ করতে হবে;

(৫) এই পূর্বানুমোদনের আওতায় জারিকৃত সূচি মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর স্বাক্ষরিত ০৮/০৬/২০২০ খ্রি. তারিখের ১৩.০১.০০০০.০৮১.৩২.০০০.১৭-৫২৬ নং স্মারকে জারিকৃত নির্দেশনা মোতাবেক Movement Software এর মাধ্যমে আবশ্যিকভাবে জারি করতে হবে।

এতে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন রয়েছে।



৯-৩-২০২১

মোঃ ফজলে রাব্বী হায়দার
উপপরিচালক

আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক

আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের দপ্তর

আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, চট্টগ্রাম

স্মারক নম্বর: ১৩.০১.০০০০.০৮১.৫০.০৩৫.১৯.২১৬/১(৮)

তারিখ: ২৪ ফাল্গুন ১৪২৭
০৯ মার্চ ২০২১

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো:

১) মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর

২) অতিরিক্ত মহাপরিচালক, অতিরিক্ত মহাপরিচালকের দপ্তর, খাদ্য অধিদপ্তর

৩) পরিচালক, হিসাব ও অর্থ বিভাগ, খাদ্য অধিদপ্তর

- ৪) পরিচালক, সংগ্রহ বিভাগ, খাদ্য অধিদপ্তর
- ৫) পরিচালক, সরবরাহ, বন্টন ও বিপণন বিভাগ, খাদ্য অধিদপ্তর
- ৬) সিস্টেম এনালিস্ট, কম্পিউটার নেটওয়ার্ক ইউনিট, খাদ্য অধিদপ্তর
- ৭) জেলা খাদ্য নিয়ন্ত্রক, চট্টগ্রাম
- ৮) জেলা খাদ্য নিয়ন্ত্রক, খাগড়াছড়ি, চট্টগ্রাম



৯-৩-২০২১

মোঃ ফজলে রাব্বী হায়দার
উপপরিচালক